লেখাপড়া

# নর্থ সাউথের সুযোগ সুবিধা

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বর্তমান শিক্ষার্থীর সংখ্যা ৩ হাজার। এছাড়া প্রায় ১ হাজার শিক্ষার্থী এখান থেকে গ্রাজুয়েট ডিগ্রী নিয়েছে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এনএসইউ খুবই দক্ষ। কোয়ালিটি সম্পন্ন স্টুডেন্টরাই এখানে ভর্তি হবার সুযোগ পায়। ভর্তির ক্ষেত্রে নূন্যতম যোগ্যতা এসএসসি ও এইচএসসিতে দ্বিতীয় বিভাগ হলেও যথাযথ ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হয় নর্থ সাউথ ইউনিভার্সিটিতে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীঃ ব্যাচেলর অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন; মাস্টার্স অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, ব্যাচেলর অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স, ব্যাচেলর অব আর্টস ইন ইংলিশ, ব্যাচেলর অব সায়েন্স ইন ইকনোমিক্স, মাস্টার্স অব সায়েন্স ইন ইকনোমিক্স, মাস্টার্স ইন ডেভেলপমেন্ট স্টাডিজ, ব্যাচেলর অব আর্টস ইন এনভাইরনমেন্টাল স্টাডিজ, ব্যাচেলর অব সায়েন্স ইন এনভাইরনমেন্টাল স্টাডিজ, নন ডিগ্রী প্রোগ্রাম।

পড়া-শুনার খরচঃ নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে যে কোন সাবজেক্টে অনার্স করতে প্রায় পাঁচ লাখ টাকা প্রয়োজন। অন্যদিকে মাস্টার্স প্রোগ্রামের জন্য ৩ লাখ টাকা লাগে। ক্রেডিট আওয়ার অনুযায়ী টাকা কম-বেশী হয়। প্রত্যেক ক্রেডিটের জন্য ৪ হাজার টাকা নিয়ে থাকে এনএসইউ।

একাডেমিক সাপোর্ট সার্ভিসঃ শিক্ষার্থী এবং ফ্যাকাল্টিদের জন্যে এনএসইউতে রয়েছে সুসজ্জিত কয়েকটি লাইব্রেরী। লাইব্রেরীগুলো সম্পূর্ণভাবে অটোমডেট। অটোমেশনের জন্য ব্যবহার করা হয়েছে কম্পিউটারাইজড লাইব্রেরী সিস্টেম (CLIBS) সফটওয়্যারটি।

❑ ওবায়দুল গনি চন্দন